# নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলীর অফিস-এর নিম্নলিখিত শূন্য পদটি পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | **ফায়ার অফিসার**<br>(গ্রেড-১০)<br>টা: ১৬,০০০-৩৮,৬৪০/- বেতন স্কেল<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক)টি | প্রার্থীকে অবশ্যই এস.এস.সি এবং এইচ.এস.সি/সমমানের ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-৫ স্কেলে নূন্যতম ৩.৫০ এবং সিজিপিএ-৪ স্কেলে নূন্যতম ৩.০০ সহ যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী এবং ১ বছর মেয়াদি 'পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সায়েন্স অ্যান্ড টেকনোলজি'-তে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএধারী অথবা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে ৬ মাস মেয়াদি 'ফায়ার সেফটি ম্যানেজার কোর্স'-এ অন্যূন জিপিএ-৩.০০ থাকতে হবে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে চাকুরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক ডিগ্রিধারী এবং শারীরিক যোগ্যতা: উচ্চতা: ৫'-৪", বুক: ৩২", ওজন: ১১০ পাঃ নূন্যতম, ত্রুটিমুক্ত শারীরিক গঠন হতে হবে। শিক্ষা জীবনে কোনো পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে ৬ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। |

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্ত দরখাস্ত আগামী ১৮-০৯-২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।